

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৯২৮

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - কাফির রাষ্ট্রপ্রধানদের নিকট পত্র প্রেরণ ও ইসলামের প্রতি আহবান

بَابُ الْكِتَابِ إِلَى الْكُفَّارِ وَدُعَائِهِمْ إِلَى الْإِسْلَامِ

আরবী

وَعَنْ أَنَسٍ: أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَتَبَ إِلَى كِسْرَى وَإِلَى قَيْصَرَ وَإِلَى النَّجَاشِيِّ وَإِلَى كُلِّ جَبَّارٍ يَدْعُوهُمْ إِلَى اللَّهِ وَلَيْسَ بِالنَّجَاشِيِّ الَّذِي صلَّى عَلَيْهِ النَّبِيُّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৩৯২৮-[৩] আনাস (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিসরা, কায়সার, নাজাশী এবং অন্যান্য প্রত্যেক ক্ষমতাধর শাসনকর্তাদের নিকট পত্র পাঠিয়ে আল্লাহর (জীবন বিধানের) দিকে আহবান করেন। রাবী বলেন, যে নাজাশীর মৃত্যুতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানাযার সালাত আদায় করেছিলেন, প্রকৃতপক্ষে তিনি এ নাজাশী নন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১৭৭৪, তিরমিযী ২৭১৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَإِلَى النَّجَاشِيّ) নাজাশীর নিকটও চিঠি পাঠান, তার নাম ছিল আসহামাহ হাবাশার বাদশাহ।

وَإِلَى كُلِّ جَبَّارٍ يَدْعُوهُمْ إِلَى اللهِ) তিনি প্রত্যেক অহংকারী অমুসলিম শাসকের নিকট চিঠি লিখে আল্লাহর দীন ইসলাম কবুল করার দা'ওয়াত দেন। তিনি অন্য আর যাদের চিঠি লিখেন তাদের মধ্যে মুকাওকিস যিনি মিসর ও ইস্কান্দারিয়ার বাদশাহ ছিলেন, মুন্যির ইবনু সারী যিনি 'উমানের (ওমানের) শাসনকর্তা, ইয়ামামার শাসনকর্তা, আল হারিস ইবনু আবু শিম্র জারবা ও আবরূহের অধিবাসী এবং উকায়দির তাদের অন্তর্ভুক্ত।



(اللَّهُ عَلَيْهِ النَّبِيُ عَلَيْهِ النَّبِيُ عَلَيْهِ النَّبِيُ عَلَيْهِ النَّبِيُ عَلَيْهِ النَّبِيُ النَّبِي النَّابِي النَّابِي النَّابِي النَّابِي النَّابِي النَّابِي النَّابِي النَّابِي النَّابِي النَّبِي النَّابِي النَّبِي النَّابِي النَّبِي النَّابِي النَّابِي النَّابِي النَّابِي النَّابِي النَّابِي النَّبِي النَّابِي النَّابِي النَّبِي النَّابِي النَّبِي النَّابِي النَّابِي النَّابِي النَّابِي النَّبِي النَّبِي النَّابِي النَّبِي النَّابِي النَّبِي النَّابِي النَّابِي النَّابِي النَّابِي النَّبِي النَّابِي النَّبِي النَّبِي النَّبِي النَّبْلِي النَّبْرِي النَّبْرِي النَّبِي النَّبْرِي النَّبِي النَّابِي النَّبْرِي النَّبْرِي النَّبْرِي النَّابِي النَّبْرِي النَّبْرِي النَّبْرِي النَّبْرِي النَّبْرِي النَّبْرِي النَّبْرِي النَّبْرِي النَّابِي النَّبْرِي النَّابِي النَّبْرِي النَّبْرِي النَّابِي النَّبْرِي النَّبْرِي النَّبْرِي النَّبْرِي النَّبْرِي النَّبْرِي النَّابِي النَّابِي النَّبْرِي النَّابِي النَّبْرِي النَّابِ

উল্লেখ্য যে, নাজাশী হাবাশার বাদশার উপাধি, তা কোনো ব্যক্তির নাম নয়। যেমন কিসরা পারস্যের বাদশার উপাধি, কায়সার রূমের বাদশার উপাধি, ফির্'আওন কিবত্বী বাদশাহর উপাধি। আলা 'আযীয মিসরের বাদশাহর উপাধি। (শারহে মুসলিম ১২শ খন্ড, হাঃ ১৭৭৪; তুহফাতুল আহওয়াজী ৭ম খন্ড, হাঃ ২৭১৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন